

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 01-07-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

PM, Tour :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ঘানা, ত্রিনিদাদ ও টোবাগো, আর্জেন্টিনা, ব্রাজিল এবং নামিবিয়া সফরে যাবেন। নতুনদিল্লিতে এক বিশেষ সাংবাদিক সম্মেলনে বিদেশ মন্ত্রকের অর্থনৈতিক সম্পর্ক সচিব দাম্পু রবি বলেন, প্রধানমন্ত্রী পাঁচ দেশ সফরের প্রথম পর্যায়ে এমাসের ২ ও ৩ তারিখ ঘানা সফর করবেন। এটি হবে তাঁর প্রথম ঘানা সফর।

Amit Shah :

কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ গতকাল নতুন দিল্লিতে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সমবায় মন্ত্রীদের মন্ত্রন বৈঠকে সভাপতিত্ব করেন। মন্ত্রন বৈঠকের প্রাথমিক লক্ষ্য হল মন্ত্রকের উদ্যোগ এবং পরিকল্পনাগুলির বিস্তৃত পর্যালোচনা, অগ্রগতি মূল্যায়ন করা, অভিজ্ঞতা বিনিময়, সর্বোত্তম অনুশীলন এবং রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির গঠনমূলক পরামর্শ গ্রহণ করা। বৈঠকে দুই লক্ষ নতুন বহুমুখী প্রাথমিক কৃষি খণ্ড সমিতি প্রতিষ্ঠা এবং দুঞ্চ ও মৎস্য সমবায় সমিতি প্রতিষ্ঠা বিষয়ে আলোচনা করা হয়। বৈঠকে রাজ্যের সমবায় মন্ত্রী শুল্ক চরণ নোয়াতিয়া অংশ নেন।

Pratima Bhowmik :

প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভোমিক বলেছেন, তিরঙ্গা পতাকা ভারতবাসীর স্বাধিকার, বীরত্ব ও ত্যাগের প্রতীক। গতকাল বিলোনীয়া বি.কে.আই কর্নারে হাইমাস্ট ফ্ল্যাগ উত্তোলন করে শ্রীমতী ভোমিক তা জনগণের প্রতি উৎসর্গ করেন।

GST :

২০২৪-২৫ অর্থবর্ষে সারা দেশে জিএসটি আদায়ের ক্ষেত্রে এক নতুন রেকর্ড সৃষ্টি হয়েছে। ঝুঁ সময়ে ২২ দশমিক ০৮ লক্ষ কোটি টাকা আদায় হয়েছে, যা গত বছরের তুলনায় ৯ দশমিক ৪ শতাংশ বেশি। এর ফলে গড় মাসিক আদায়ের পরিমান এক দশমিক ৮৪ লক্ষ কোটি টাকা। সত্ত্বিক করদাতার সংখ্যাতেও যথেষ্ট বৃদ্ধি লক্ষ্য করা গেছে। ২০২৫ সালের ৩০শে এপ্রিল পর্যন্ত এক দশমিক ৫১ কোটি সত্ত্বিক জিএসটি নিবন্ধিকরণ হয়েছে।

Mizoram Train :

গুয়াহাটি, আগরতলা, ইটানগরের পর আইজল উত্তর পূর্বাঞ্চলের চতুর্থ রাজ্য যা শিগগিরই রেল লাইনে যুক্ত হতে চলছে। এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়, আইজলের সঙ্গে রেল সংযোগের জন্য শিলচর হয়ে ভৈরবি-সাহরাঙ ৫১.৩৮ কিলোমিটার দীর্ঘ রেল লাইন ট্রেন চলাচলের জন্য প্রস্তুত। প্রকল্পের দায়িত্বে থাকা এন এফ রেলওয়ের মুখ্য ইঞ্জিনিয়ার বিনোদ কুমার জানিয়েছেন এই রেল পথে ৪৮ টি টানেল রয়েছে।

Byte Binod Kumar #####

GB Hospital :

আগরতলার জিবি হাসপাতালে গতকাল আরো এক জন রোগীর শরীরে কিডনির সফল প্রতিস্থাপন করা হয়েছে। হাসপাতালের ডেপুটি সুপার ডাক্তার কনক চৌধুরী আকাশবাণীর প্রতিনিধিকে জানান মনিপুরের সূজা হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক দল ও আগরতলা জিবি হাসপাতালে ইউরো ও নেফ্রুলজি বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকরা যোথভাবে এই কিডনি প্রতিস্থাপনের কাজটি সম্পন্ন করেছেন।

DAJBA-State :

রাজ্যে পক্ষকালব্যাপী ধরতী আবা জনভাগিদারী অভিযান গতকাল শেষ হয়েছে। এই অভিযানের মাধ্যমে রাজ্যের প্রতিটি জনজাতি অধ্যুষিত গ্রাম গুলিতে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা সরকারী ২০টি দপ্তরের মাধ্যমে সুবিধাভোগীদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া হয়।

Prayas Meeting :

আরক্ষা প্রশাসনের উদ্যোগে গতকাল সাবরুম পুরাতন টাউন হলে প্রয়াস কর্মসূচীর আওতায় এক সচেতনতা সভার আয়োজন করা হয় বাল্যবিবাহ, নেশা এবং সড়ক দুর্ঘটনা সম্পর্কে জনসচেতনতা বাড়াতে সভায় প্রশাসনিক পদক্ষেপ ও সামাজিক দৃষ্টিভঙ্গির পরিবর্তনের উপর বক্তারা আলোকপাত করেন।

Animesh Debbarma :

জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল খোয়াই নতুন টাউন হলে সংবিধান হত্যা দিবস পালন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, রাজ্যের প্রাইমারি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সংবিধানে প্রদত্ত মৌলিক অধিকারগুলি সম্পর্কে ছাত্রছাত্রীদের সচেতন করতে হবে। তবেই ছাত্রছাত্রীরা নিজেদের মৌলিক অধিকার সম্পর্কে জানতে পারবে। অনুষ্ঠানে বিধায়ক পিনাকী দাস চৌধুরী বক্তব্য রাখেন।

Jatrapur PS :

যান দুর্ঘটনা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে গতকাল সিপাহীজলা জেলার যাত্রাপুর থানার উদ্যোগে কাঠালিয়া মোটর স্ট্যান্ডে প্রয়াস সভা অনুষ্ঠিত হয়। অটো ও যানবাহন চালকদের নিয়ে আয়োজিত এই সভায় যাত্রাপুর থানার ও.সি সুব্রত দেবনাথ ট্রাফিক বিধি মেনে যানবাহন চালানোর আবেদন জানান।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবো দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।
